

কক্স পত্রের আওতাধীন সংস্করণ।

## বাকুবি'র কৃষি ও ভেটেরিনারি অনুষদে নয়া ডিন নিয়োগ

বাকুবি প্রতিদিন

গত রোববার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) কৃষি অনুষদ ও ভেটেরিনারি অনুষদের নয়া ডিন নিয়োগ করা হয়েছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি সম্প্রসারণ বিভাগের প্রফেসর ড. আবদুল হালিম কৃষি অনুষদের নয়া ডিন হিসাবে প্রফেসর ড. পৃথক রহমানের কাছ থেকে রোববার সকালে দায়িত্বভার গ্রহণ করেন।  
অপরদিকে বাকুবি'র মেডিসিন বিভাগের প্রফেসর ড. মনোজ মোহন সেন ভেটেরিনারি অনুষদের নয়া ডিন হিসাবে প্রফেসর ড. মোঃ মনসুরুল আমিনের কাছ থেকে রোববার সকালে দায়িত্বভার গ্রহণ করেন। ডাইস চ্যাপেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।